

## 26837 - প্রয়োজনের তাগিদে খাবারের স্বাদ গ্রহণ করা এবং ভুলে গিলে ফেলা

### প্রশ্ন

আমার স্ত্রী আমাকে ইফতার তৈরীতে সহযোগিতা করতে বলল। ইফতার প্রস্তুতকালে আমি ভুলক্রমে লবণ চেখে দেখেছি। এ কারণে কি আমার রোযা ভেঙ্গে গেছে। যেহেতু আমি এমন কাজ করেছি যা শরিয়তের দৃষ্টিতে কিংবা লোকাচারে আবশ্যিকীয় নয়। আল্লাহ্ আপনাদেরকে নিরাপদে রাখুন।

### প্রিয় উত্তর

রোযাদারের জন্য প্রয়োজন হলে খাবারের স্বাদ যাচাই করতে কোন গুনাহ নেই। সেটি এভাবে যে, খাবারটি জিহ্বার অগ্রভাগে নিয়ে এরপর সেটি থু করে ফেলে দেয়া এবং মুখ থেকে বের করে ফেলা। এর কোন কিছু গিলে না ফেলা। চাই সেই ব্যক্তি পুরুষ হন কিংবা নারী হন।

যদি রোযাদার ভুলে গিয়ে কোন কিছু গিলে ফেলে; তাহলে তার উপর কোন কিছু বর্তাবে না। সে তার রোযাটি পূর্ণ করবেন। এটি শরিয়তে বিস্মৃত ব্যক্তির ওজর গ্রহণযোগ্য হওয়ার দলিলগুলোর সার্বিকতার কারণে এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই উক্তির কারণে: “যে ব্যক্তি রোযা রাখার কথা ভুলে গিয়ে আহার ও পান করেছে; সে যেন তার রোযা পরিপূর্ণ করে। কেননা আল্লাহ্ই তাকে খাইয়েছেন এবং পান করিয়েছেন।”[সহিহ বুখারী (১৩৯৯) ও সহিহ মুসলিম (১১৫৫)]

আল্লাহই সর্বজ্ঞ।